আপনি কি কোন স্থানীয় কর্তৃপক্ষের বা হাউজিং অ্যাসোসিয়েশনের বাসস্থানে ভাড়াটে হিসাবে থাকেন? যদি তাই হয়, তবে এই প্রচারপত্রটি আপনার মনোযোগ দিয়ে পড়া উচিত। 2001 সালের হাউজিং (স্কটল্যাণ্ড) আইনের মাধ্যমে আপনার অধিকার সমূহের উপর কতিপয় রদ-বদল আনয়ন করা হয়েছে। এই রদ-বদলগুলো 2002 সালের 30শে সেপ্টেম্বর থেকে কার্যকরী হবে। এই তারিখ থেকে স্কটিশ সিকিউর টেনেন্সি (এস.এস.টি) নামের একটি নতুন বাড়ী ভাড়া চুক্তির মাধ্যমে আগেকার সিকিউরড এবং অ্যাসুরড জাতীয় টেনেন্সি বা বাড়ী ভাড়া চুক্তি বাতিল করে দেওয়া হবে এবং নতুন পদ্ধতি দ্বারা স্থানীয় কর্তৃপক্ষ বা হাউজিং অ্যাসোসিয়েশনের ভাড়াটেদেরকে উন্নত মানের অধিকার সহ একটি মাত্র টেনেন্সি বা বাড়ী ভাড়া চুক্তি প্রদান করা হবে।

এসব রদ-বদল সম্পর্কে জানা এবং এগুলোর ফলে আপনার উপর কিরূপ প্রভাব আসতে পারে তা জানার জন্য বাকী অংশটুকু পড়ে যান।

স্কটিশ সিকিউর টেনেন্সি (ভাড়াটেদের অধিকার সংরক্ষিত স্কটিশ বাড়ী চুক্তি) কি?

এটি একটি নতুন ধরনের আইনানুগ বাড়ী ভাড়া চুক্তি যা বর্তমানের সিকিউর এবং অ্যাসুরড টেনেন্সির পরিবর্তে চালু করা হবে।

2002 সালের 30শে সেপ্টেম্বর থেকে স্থানীয় কর্তৃপক্ষ এবং হাউজিং অ্যাসোসিয়েশনগুলোর সকল ভাড়াটে (সম্পূর্ণ রূপে পরস্পর সহযোগী কো-অপারেটিভ হাউজিং অ্যাসোসিয়েশনের সদস্যগণ সহ), এবং পানি ও পয়ো নিস্কাশন কর্তৃপক্ষগুলো, স্কটিশ সিকিউর টেনেন্ট (ভাড়াটে) হিসাবে গণ্য হবেন। তবে এতে কিছু ব্যতিক্রম রয়েছে, উদাহরণস্বরূপ, আপনি যদি কোন একটি টাইড হাউসেস (আপনার চাকুরীর কারণে বা অংশ হিসাবে আপনাকে কোন একটি ঘরে থাকতে হচ্ছে) এই ধরনের ভাড়া চুক্তির আওতায় পড়বে না। আপনার ভাড়া চুক্তিটি বা টেনেন্সিটি কোন্ ধরনের সে সম্পর্কে নিশ্চিত না হলে, আপনার উচিত আপনার ল্যাণ্ডলর্ড বা বাড়ীওয়ালার সাথে যোগাযোগ করা।

স্কটিশ সিকিউর টেনেন্সির আওতায় আমার কি কি অধিকার থাকবে?

2002 সালের 30শে সেপ্টেম্বর থেকে আপনার নিম্নলিখিত অধিকারগুলো থাকবে।

বাড়ী ভাড়া স্থায়ী থাকার নিশ্চয়তা

কোর্ট অর্ডার বা আদালতের হুকুম ছাড়া আপনাকে আপনার বাসস্থান থেকে বের করে দেওয়া যাবে না

যৌথ ভাড়া চুক্তি বা জয়েন্ট টেনেন্সি নেওয়ার অধিকার।

আপনি এবং বাসস্থানটিতে বসবাসকারী (বা থাকবেন) এমন অন্য কেউ যদি বাসস্থানটিকে উনার একমাত্র থাকার জায়গা হিসাবে ব্যবহার করেন, তাহলে আপনাদের উভয়ের নামে যৌথ ভাড়া চুক্তি বা জয়েন্ট টেনেন্সির জন্য দরখাস্ত করতে পারবেন। তবে আপনার ল্যাণ্ডলর্ড বা বাড়ীওয়ালাকে এতে রাজি হতে হবে; রাজি না হওয়ার পক্ষে যথেষ্ট কারণ থাকলে তিনি বা তারা হয়তো এতে মত নাও দিতে পারেন।

উত্তরাধিকার বলে ভাড়া চুক্তি গ্রহণ

আপনার মৃত্যু হলে, আপনার নামে ভাড়া চুক্তিটি হয়:

- আপনার স্বামী বা স্ত্রী নিয়ে যেতে পারবেন;
- যৌথ নামে ভাড়া হলে অন্য শরীকান লোকটির নামে চলে যেতে পারবে
- আপনার মৃত্যুর আগ পর্যন্ত কমপক্ষে ছয়মাস আপনার সাথে বসবাস করে আসছেন এমন জীবন সাথীর (যে কোন লিঙ্গের) নামে চলে যেতে পারবে।

উপরে উল্লেখিত কোন ব্যক্তিই যদি বাসস্থানটির ভাড়া চুক্তিটি লাভের যোগ্যতা অর্জন না করেন অথবা ভাড়া তাদের নামে নিতে না চান, তাহলে এই ভাড়া চুক্তিটি:

- আপনার মৃত্যুর সময় আপনার সাথে বসবাসকারী আপনার পরিবারের অন্য একজন সদস্যের নামে চলে যেতে পারবে।

উপরে উল্লেখিত পরিবারের অন্য কোন সদস্যও যদি বাসস্থানটির ভাড়া চুক্তি লাভের যোগ্যতা অর্জন না করেন অথবা ভাড়া তাদের নামে নিতে না চান, তাহলে এই ভাড়া চুক্তিটি:

- কোন একজন কেয়ারার বা সেবাযত্নকারীর নামে চলে যেতে পারে; যিনি আপনার সাথে বাস করনে এবং আপনার বা আপনার পরিবারের কারোর সেবাযত্নের খাতিরে নিজের একমাত্র বা মূল বাসস্থান ছেড়ে দিয়েছেন।

ভাড়া চুক্তিটি দুইবার অধিকার সূত্রে নেওয়া যেতে পারে। উদাহরণস্বরূপ, স্বামী স্ত্রী হিসাবে বসবাসকারী কোন দম্পতির ক্ষেত্রে যদি স্বামীর নামে ভাড়া চুক্তি থেকে থাকে, তাহলে স্বামীর মৃত্যুর পর স্ত্রীর নামে সেটি চলে যেতে পারবে। এই পরে যদি স্ত্রীর মৃত্যু হয়, তাহলে উনার কোন একজন প্রাপ্ত বয়স্ক ছেলে বা মেয়ের নামে বাসস্থানটি ভাড়া নেওয়ার অধিকার থাকবে।

হস্তান্তর, বিনিময়, ভাড়া প্রদান

আপনি আপনার বাসস্থান অন্য কারোর কাছে ভাড়া (সাবলেট) দিতে পারবেন, অন্যদের সাথে বাসস্থানটি বদলাতে বা বিনিময় করতে পারবেন অথবা কাউকে জায়গীর (লজার) রাখতে পারবেন। এছাড়াও আপনার বাস্থানটিতে একমাত্র বাসস্থান হিসাবে কমপক্ষে ছয় মাস বাস করেছেন এমন যে কোন লোককে ঘরটি হস্তান্তর করতে বা দিয়ে দিতে (লেখাপড়া করে) পারবেন। তবে এইজন্য আপনাকে আপনার বাড়ীওয়ালা বা ল্যাণ্ডলর্ড এর কাছ থেকে অবশ্যই অনুমতি নিতে হবে। আপনার ল্যাণ্ডলর্ড হয়তো এইরূপ অনুমতি নাও দিতে পারেন; যদি অনুমতি না দেওয়ার পক্ষে যথেষ্ট কারণ থাকে। উপরে উল্লেখিত কোন কিছু করার আগে আপনাকে সতর্কতার সাথে চিন্তা করে নিতে হবে এবং পরামর্শ গ্রহণ করতে হবে।

মেরামত

একটি নির্দিষ্ট সময় সীমার মধ্যে আপনার ল্যাণ্ডলর্ড বা বাড়ীওয়ালাকে কতিপয় ধরনের ছোটখাটো জরুরী মেরামতের কাজ অবশ্যই করে দিতে হবে (এটিকে বলা 'মেরামত করিয়ে নেওয়ার অধিকার' বা 'রাইট টু রিপেয়ার')

বাসস্থান উন্নয়নে খরচ প্রদান

কতিপয় ধরনের উন্নয়ন আপনার বাসস্থানে আপনি নিজে করে থাকলে, আপনার ভাড়া চুক্তি শেষ হওয়ার সময় সেগুলোর খরচ বাবদ আপনি ক্ষতিপূরণ দাবী করতে পারবেন, যদি আপনি এসব উন্নয়নের কাজ আপনার ল্যাণ্ডলর্ড বা বাড়ীওয়ালার অনুমতি নিয়ে করিয়ে থাকনে।

তথ্য ও খবরাখবর

ভাড়া চুক্তির একটি লিখিত কপি, ল্যাণ্ডলর্ড এর অভিযোগ পদ্ধতি আপনার ল্যাণ্ডলর্ড আপনাকে দিতে বাধ্য থাকবেন এবং, আপনার ভাড়া আরম্ভ হওয়ার আগে, বাসস্থানটি খরিদ করার অধিকার এবং বাসস্থানটি খরিদ করলে আপনার কোন দায়-দায়িত্ব থাকলে সেগুলো সম্পর্কে তথ্য ও খবরাখবর আপনার ল্যাণ্ডলর্ড আপনাকে দিতে বাধ্য থাকবেন।

আপনি চাইলে, আপনার ল্যাণ্ডলর্ড বা বাড়ীওয়ালাকে ভাড়া ধার্য্য, বাসস্থান বরাদ্ধ, মেরামত এবং রক্ষণাবেক্ষণ ইত্যাদি নীতিমালার বিবরণ বা তথ্য আপনার কাছে অবশ্যই দিতে হবে।

পরামর্শ

আপনার উপর লক্ষণীয় পরিমাণে প্রভাব আনতে পারে এমন ধরনের ঘরবাড়ী ব্যবস্থাপনা নীতিতে কোন রাদ-বদল বা পরিবর্তন আনার আগে আপনার বাড়ীওয়ালা বা ল্যাণ্ডলর্ডকে অবশ্যই আপনার সাথে পরামর্শ করতে হবে, এবং আপনার মতামত ও দৃষ্টিভঙ্গি বিবেচনায় নিতে হবে; উদাহরণস্বরূপ, মেরামত ও রক্ষণাবেক্ষণ, ভাড়া এবং সার্ভিস চার্জ বিষয়ে। ভাড়াটেদের সংঘ বা গ্রুপ তাদের ল্যাণ্ডলর্ডের সাথে রেজিস্টার করিয়ে নিতে পারেন এবং তাদের সাথেও পরামর্শ করার অধিকার রয়েছে। আপনার ল্যাণ্ডলর্ড বা বাড়ীওয়ালার ভাড়াটেদের অংশগ্রহণ পদ্ধতির একটি কপি আপনাকে দেওয়ার জন্য আপনি বলতে পারেন। ভাড়াটেদের অংশগ্রহণ পদ্ধতিতে বাড়ীওয়ালা বা ল্যাণ্ডলর্ড কিভাবে আপনার মতামত নেবেন এবং সেগুলো কিভাবে বিবেচনা করবেন ইত্যাদির বর্ণনা থাকবে।

ব্যবস্থাপনা করা বা পরিচালনার অধিকার

আপনি এবং আপনার পাড়া প্রতিবেশীগণ একসাথে মিলিত হয়ে ভাড়াটেদের ব্যবস্থাপনা সমিতি গড়ে তুলতে পারেন এবং আপনাদের নিজেদের ঘরবাড়ী ব্যবস্থাপনার ব্যাপারে বাড়ীওয়ালার সাথে একটি চুক্তিতে পৌঁছতে পারেন।

আমি কি আমার বর্তমানের কোন অধিকার হারাবো?

না, আপনি আপনার বর্তমানের কোন অধিকার হারাবেন না। এমন কি, আপনার বর্তমানের কয়েকটি অধিকার আরো শক্তিশালী হয়ে উঠবে এবং সাথে সাথে আপনি আরা নতুন অধিকার লাভ করবেন। যদি বর্তমানে আপনার ঘর খরিদ করার অধিকার থাকে, তাহলে ঘরটি খরিদের বর্তমান শর্তাবলী যতোদিন পর্যন্ত আপনি ঘরটিতে থাকবেন ততোদিন পর্যন্ত অপরিবর্তিত থাকবে (অপর পাশে দেখুন)।

আমাকে কি নতুন একটি ভাড়া চুক্তিতে সই করতে হবে?

এই বছরের 30শে সেপ্টেম্বর আনার বর্তমান ভাড়া চুক্তিটি আপনার আপনিই একটি স্কটিশ সিকিউর টেনেন্সিতে পরিণত হবে এবং এর সাথে সংযুক্ত যাবতীয় অধিকার আপনি গ্রহণ করবেন। একটি নতুন ভাড়া চুক্তিতে সই করার জন্য সম্ভবত আগামী কয়েক মাসের মধ্যে আপনার ল্যাণ্ডলর্ড আপনার সাথে যোগাযোগ করবেন। সেই ভাড়া চুক্তিতে হয়তো আইন বদ্ধ ভাড়া চুক্তির অতিরিক্ত কতিপয় বিষয় থাকতে পারে। তবে আইনের মাধ্যমে যেসব অধিকার প্রতিষ্ঠা করা হয়েছে, সেগুলো আপনার ল্যাণ্ডলর্ড বদলাতে পারবেন না। আপনি যখন আপনার ভাড়া চুক্তিতে সই করবেন তখন আপনার ল্যাণ্ডলর্ড বা

বাড়ীওয়ালা সবকয়টি অধিকার এবং দায়-দায়িত্ব সম্পর্কে বুঝিয়ে বলবেন।

স্বল্পকালীন বা শর্ট স্কটিশ সিকিউর টেনেন্সি বলতে কি বোঝানো হয়?

এটি এক ধরনের নতুন ভাড়া চুক্তি, যা শুধুমাত্র সীমিত সংখ্যক পরিস্থিতিতে ব্যবহার করা যাবে, যদি ভাড়া চুক্তিটি স্বল্পকালের জন্য হয়। যেসব অবস্থায় বা পরিস্থিতিতে স্বল্পকালীন বা শর্ট স্কটিশ সিকিউর টেনেন্সি ব্যবহার করা যাবে সেগুলো আইনে বর্ণনা করা হয়েছে।

স্বল্পকালীন স্কটিশ ভাড়া চুক্তি বা শর্ট স্কটিশ টেনেন্সিতে সম্পূর্ণ স্কটিশ সিকিউর টেনেন্সির মতো একই অধিকার সমূহ রয়েছে; শুধুমাত্র খরিদ করার কোন অধিকার থাকবে না, আপনার মৃত্যুর পর আপনার নামের ভাড়া চুক্তিটি আপনার পরিবারের কারো নামে উত্তরাধিকার বলে যাবে না এবং আপনার বাসস্থানে থাকার অধিকার সম্পূর্ণ স্কটিশ সিকিউর টেনেন্সি থেকে সীমিত হবে। যদি আপনার ল্যান্ডলর্ড আপনাকে একটি স্বল্পকালীন বা শর্ট স্কটিশ সিকিউর টেনেন্সি প্রদান করেন এবং আপনি তাতে সন্তুষ্ট না হন, তাহলে আপনার আপীল করার অধিকার থাকবে।

আমি কি আমার বাসস্থান খরিদ করতে পারবো?

এই বছরের 30শে সেপ্টেম্বরের আগে যদি আপনার খরিদ করার অধিকার থেকে থাকে, তাহলে আপনি যে যে শর্তাবলী বর্তমানে উপভোগ করে আসছেন (মূল্যহ্রাস এবং যোগ্যতার সময় সহ) সেগুলোর কোন পরিবর্তন হবে না, যতক্ষণ পর্যন্ত আপনি একই বাস্থানে বসবাস করতে থাকবেন।)

আপনি কোন একটি হাউজিং অ্যাসোসিয়েশনের ভাড়াটে হলে এবং বর্তমানে আপনার বাসস্থানটি খরিদ করার কোন অধিকার না থাকলে, আপনি হয়তো আগামীতে বাসস্থানটি খরিদ করার অধিকার লাভ করতে পারেন। যদিও আপনি আপনার বাসস্থানটি 10 বছর পর্যন্ত সময়ের মধ্যে খরিদ করতে পারবেন না; তথাপি বাসস্থানটিতে আপনি যতো সময় কাটাবেন তা খরিদ করার যোগ্যতায় এবং মূল্যহ্রাস পাওয়ায় যোগ হবে।

আপনি আপনার বাসস্থানটি আপনার ল্যান্ডলর্ড এর কাছ থেকে খরিদ করতে পারবেন না; যদি আপনি নিম্নলিখিত কোন ল্যান্ডলর্ডের ভাড়াটে হন:

- একটি দাতব্য হাউজিং অ্যাসোসিয়েশনের, যেটি 2001 সালের 18ই জুলাইয়ের পূর্বে প্রতিষ্ঠিত হয়েছিলো এবং এটি একটি রেজিস্টার্ড দাতব্য সংস্থা (যদি না 2002 সালের 30শে সেপ্টেম্বরের আগে আপনার খরিদ করার অধিকার থেকে থাকে অথবা কোন একটি স্টক স্থানান্তরের পরে আপনার খরিদ করার অধিকার সংরক্ষিত থাকে);
- একটি সম্পূর্ণ পরস্পর সহযোগী কো-অপারেটিভ হাউজিং অ্যাসোসিয়েশন এর;
- 100টির কম সংখ্যক ঘরবাড়ী রয়েছে এমন একটি হাউজিং অ্যাসোসিয়েশন এর;
- বিশেষ ধরনের চাওয়া পাওয়া রয়েছে এমন লোকদের জন্য একটি গ্রুপ হাউজিং স্কীম এর।

2002 সালের 30শে সেপ্টেম্বরে বা এর পরে যদি আপনি আপনার ঘরটি খরিদ করার অধিকার প্রথম বারের মতো লাভ করেন অথবা আপনি যদি এই তারিখের পরে এই বাস্থানটি থেকে অন্য একটি বাসস্থানে চলে যাওয়ার সিদ্ধান্ত নেন, তাহলে আপনি খারিদ করার নবায়িত অধিকার লাভ করবেন। খরিদ করার নবায়িত অধিকারের অধীনে বাসস্থান খরিদ করতে হলে আপনাকে কমপক্ষে পাঁচ বছর আপনার বাসস্থানে এক নাগাড়ে থাকতে হবে এবং সর্বাধিক মূল্যহ্রাস পাবেন 35% অথবা এর 15,000 পাউণ্ড নগদ পয়সা বা এর মধ্যে যেটির পরিমাণ কম হবে।

আপনার খরিদ করার অধিকার রয়েছে কি না এবং আপনার জন্য কান্ কোন শর্ত প্রয়োজ্য হয় সে সম্পর্কে আপনি নিশ্চিত না হলে, আপনার উচিত প্রথমে আপনার ল্যান্ডলর্ড বা বাড়ীওয়ালার সাথে যোগাযোগ করা।

আপনার ল্যান্ডলর্ড বা বাড়ীওয়ালার কাছ থেকে আপনি ‘আপনার বাসস্থান কেনার অধিকার’ (‘ইওর রাইট টু বাই ইওর হোম’), ‘উন্নয়ন কাজের জন্য ক্ষতিপূরণ’ (‘কমপেনসেশন ফর ইম্প্রোভমেন্ট স্কীম’) এবং ‘মেরামত করার অধিকার স্কীম’ (‘রাইট টু রিপেয়ার স্কীম’) ইত্যাদি বিষয়ে পৃথক পৃথক প্রচারপত্র সংগ্রহ করতে পারেন অথবা নিচের ঠিকানা থেকে চিঠি লিখে, ফোন বা ইমেইল করেও এগুলো সংগ্রহ করতে পারবেন:

The Scottish Executive
Housing 2:3
Area 1-G
Victoria Quay
Edinburgh EH6 6QQ.
ফোন: 0131 244 2105
www.scotland.gov.uk
ইমেইল: housing.information@scotland.gsi.gov.uk

এই দলিলটি 100% ইলেমেন্টাল ক্লোরিণমুক্ত, পরিবেশ সহায়ক দ্রব্য দ্বারা তৈরি করা হয়েছে এবং এটি 100% রিসাইকোল যোগ্য।

Alternative formats and community language versions of this leaflet are available on request from the Scottish Executive, Housing 2:3, Area 1-G, Victoria Quay, Edinburgh EH6 6QQ Tel: 0131 244 2105. The leaflet can also be viewed on the Scottish Executive website at www.scotland.gov.uk

Tha cumaidhean atharraichte agus dreachan den bhileag seo ann an cànanan coimhearsnachd ri fhaighinn le iarrtas bho Riaghaltas na h-Alba, Taigheadas 2:3, Roinn 1-G, Cidhe Bhictoria, Dùn Èideann EH6 6QQ Fòn: 0131 244 2105. Faodar a’ bhileag fhaicinn cuideachd air làrach-lìn Riaghaltas na h-Alba aig www.scotland.gov.uk

نسخ أخرى بصيغ بديلة وبلغات الجماعات السكانية من هذه النشرة متوفرة عند الطلب من التنفيذية الإسكتلندية ,Scottish Executive Housing 2:3, Area 1-G, Victoria Quay, Edinburgh EH6 6QQ هاتف: 0131 244 2105. وبالإمكان الإطلاع على هذه النشرة في موقع التنفيذية الإسكتلندية على الإنترنت www.scotland.gov.uk

Scottish Executive, Housing 2:3, Area 1-G, Victoria Quay, Edinburgh EH6 6QQ ফোন: 0131 244 2105 এ অনুরোধক্রমে এই প্রচারপত্রের বিকল্প আকার ও কমিউনিটি ভাষার সংস্করণ পাওয়া যায়। স্কটিশ এক্সিকিউটিভ-এর ওয়েবসাইট www.scotland.gov.uk এও প্রচারপত্রটি দেখা পাওয়া যায়।

इस पत्रक की आवृत्ति का अनुवाद अन्य तरीकों और कम्यूनिटि भाषाओं में निवेदन करने पर स्कॉटिश इग्ज़ेक्यूटिव हाउझिंग Scottish Executive, Housing 2:3, Area 1-G, Victoria Quay, Edinburgh EH6 6QQ से मिल सकता है। टेलीफ़ोन: 0131 244 2105। इस पत्रक को स्कॉटिश इग्ज़ेक्यूटिव वेबसाईट www.scotland.gov.uk पर भी देख सकते है।

ਇਸ ਪਤੇ ਤੋਂ ਮੰਗੇ ਜਾਣ ’ਤੇ ਇਹ ਪਰਚੀ ਵਿਕਲਪਕ ਰੂਪਾਂ ਵਿਚ ਅਤੇ ਕੰਮਿਉਨਿਟੀ ਭਾਸ਼ਾਵਾਂ ਦੇ ਵਿਚ ਮਿਲ ਸਕਦੀ ਹੈ: Scottish Executive, Housing 2:3, Area 1-G, Victoria Quay, Edinburgh EH6 6QQ, ਟੈਲੀਫ਼ੋਨ: 0131 244 2105. ਇਸ ਪਰਚੀ ਨੂੰ ਸਕਾੱਟਿਸ਼ ਐਕਜ਼ੀਕਿਉਟਿਵ ਦੀ ਵੈਬਸਾਈਟ www.scotland.gov.uk ’ਤੇ ਵੀ ਦੇਖਿਆ ਜਾ ਸਕਦਾ ਹੈ।

如果需要本手冊的其他形式或語言版本，請向蘇格蘭行政院索取，位址是：Scottish Executive, Housing 2:3, Area 1-G, Victoria Quay, Edinburgh EH6 6QQ；電話：0131 244 2105。也可以到蘇格蘭行政院的網站上瀏覽本手冊：www.scotland.gov.uk

Scottish Executive, Housing 2:3, Area 1-G, Victoria Quay, Edinburgh EH6 6QQ، ٹیلی فون: 0131 244 2105 سے دستیاب ہے۔ اس لیف لیٹ کو سکاٹش ایگزیکٹیو کی ویب سائٹ www.scotland.gov.uk پر بھی دیکھا جا سکتا ہے۔

Astron B26672

w w w . s c o t l a n d . g o v . u k

SCOTTISH EXECUTIVE

একত্রে কাজ করতে প্রস্তুত করা



দি স্কটিশ সিকিউর টেনেন্সি

ভাড়াটেদের জন্য একটি প্রচারপত্র

BENGALI